



'Increasing Cancer Awareness Workshop' শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত



৭ জুন ২০২৩-বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যারিয়ার ক্লাব এবং বাংলাদেশ ক্যান্সার এইড ট্রাস্ট এর যৌথ উদ্যোগে ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের কক্ষে “আমরা দুর্বীর, রুখবো ক্যান্সার” স্লোগানকে সামনে রেখে 'Increasing Cancer Awareness Workshop' শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। এসময় বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক মোঃ মিজানুর রহমান, প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল, বাংলাদেশ ক্যান্সার এইড ট্রাস্টের নির্বাহী পরিচালক জনাব নাজমুস আহমেদ, BANCAT এর লীড কো-অর্ডিনেটর জনাব সাজ্জাদ হাই চৌধুরী এবং ইনসেপ্টা ফার্মার জনাব শহীদুল ইসলাম সহ অন্যান্যরা বক্তব্য প্রদান করেন।